

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শিক্ষণীয় বিষয়সমূহ -৫ (العبر) _৫)

- (১) নিকটাত্মীয়গণ হ'ল মানুষের প্রধান আশ্রয়স্থল। যেকোন সংস্কার আন্দোলনে তাই তাদের অংশগ্রহণ ও সহযোগিতা সর্বাগ্রে প্রয়োজন হয়। সেজন্যেই রাসূল (ছাঃ)-কে প্রথমে তাদের প্রতি দাওয়াত দেওয়ার নির্দেশ প্রদান করা হয়।
- (২) নিজেদের ছেলে হিসাবে নিকটাত্মীয়গণ সাধারণভাবে সংস্কারকের প্রতি অনীহা প্রদর্শন করে থাকে। যা অনেক সময় দারুণ মনোকষ্ট এমনকি দৈহিক কষ্টের কারণ হয়ে দেখা দেয়। সে অবস্থায় যাতে রাসূল (ছাঃ) ভেঙ্গে না পড়েন, সেজন্য আগেভাগে বিগত যুগের সাত জন নবীর কষ্ট ভোগের কাহিনী শুনানো হয় সূরা শো'আরা নাযিল করার মাধ্যমে। এতে বুঝা যায় যে, সংস্কারককে গভীর ধৈর্যশীল হ'তে হয়।
- (৩) প্রকাশ্য দাওয়াতের ফলে নিকটাত্মীয়গণের সকলে না এলেও তাদের মধ্যে কেউ ঘোর সমর্থক হবেন, আবার কেউ ঘোর বিরোধী হবেন, এটাই স্বাভাবিক। আবু ত্বালিব ও আবু লাহাব দুই ভাইয়ের দ্বিমুখী অবস্থান তার বাস্তব প্রমাণ বহন করে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5213

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন